**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 12-02-2026** **Time : 1-30 PM**

**<u>বিশেষ বিশেষ খবর –</u>**

১/ রাজ্যসভায় কেন্দ্রীয় বাজেটের ওপর আলোচনা ফের শুরু হয়েছে। অর্থ মন্ত্রী নির্মলা সীতারামন বাজেটের ওপর জবাবী ভাষণ দেবেন।

২/ লোকসভায় আজ 'ইন্ড্রাস্ট্রিয়াল লেবার রিলেশন কোড'-এর সংশোধনী নিয়ে আলোচনা ও পাশের উদ্যোগ নেওয়া হবে।

৩/ লোকসভায় বিরোধী দলনেতা রাহুল গান্ধীর বিরুদ্ধে সরকার স্বাধিকার ভঙ্গের প্রস্তাব আনবে।

৪/ বাংলাদেশে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ চলেছে। এখনও পর্যন্ত নির্বাচন প্রক্রিয়া শান্তিপূর্ণ রয়েছে।

৫/ স্বামী দয়ানন্দ সরস্বতীর জন্ম বার্ষিকী আজ সারা দেশ জুড়ে উদযাপিত হচ্ছে।

৬/পুরুষদের T-20 ক্রিকেট বিশ্বকাপে ভারত নতুন দিল্লীতে আজ নামিবিয়া-র মুখোমুখি হবে।

*****************************************************************

রাজ্যসভায় আজ ২০২৬-২৭ অর্থ বর্ষের কেন্দ্রীয় বাজেটের উপর আলোচনা ফের শুরু হবে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বাজেটের উপর সাংসদদের করা প্রশ্নের উত্তর দেবেন। লোকসভায় গতকাল তিনি দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা এবং আগামী বছরগুলিতে দেশের আর্থিক বৃদ্ধি ত্বরান্বিত করার জন্য সরকারের দৃষ্টিভঙ্গি তুলে ধরেন।

সাংসদ ভর্তৃহরি মাহতাব আজ লোকসভায় 'বিশ্ব অর্থনৈতিক ও ভূ-রাজনৈতিক পরিস্থিতির মধ্যে ভারতের আর্থিক বৃদ্ধির পরিকল্পনা' শীর্ষক অর্থ মন্ত্রকের স্থায়ী কমিটির প্রতিবেদন উপস্থাপন করবেন।

বাজেট অধিবেশনের প্রথম পর্ব চলবে আগামীকাল পর্যন্ত। বিরতির পর, দ্বিতীয় পর্বটি এই বছরের ৯ই মার্চ থেকে শুরু হয়ে দোসরা এপ্রিল পর্যন্ত চলবে।

*****************************************************************

রাজ্যসভার অধিবেশন শুরু হলে প্রথমে জিরো আওয়ারের কাজ শুরু হয়। কেন্দ্রীয় মন্ত্রীরা চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণনের অনুমতি নিয়ে কয়েকটি রিপোর্ট পেশ করেন। সাংসদ ডি এল মুরুগন পাবলিক অ্যাকাউন্টস কমিটি ও পাবলিক আন্ডারটেকিং বিষয়ক কমিটির সাত সদস্যের নাম প্রস্তাব করলে তা ধ্বনিভোটে গৃহীত হয়। এছাড়াও দশ সদস্যের তপশীলি জাতি উপজাতি কল্যাণ সংক্রান্ত কমিটি গঠনের প্রস্তাব গৃহীত হয়। বিভিন্ন রাজনৈতিক দলের সদস্যরা জিরো আওয়ারে চেয়ারম্যানের অনুমতিক্রমে বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করেন।

********************************************************************

লোকসভার আজকের অধিবেশনের প্রশ্নোত্তর পর্বে বিরোধীদের হই হট্টগোলের জেরে দুপুর **১২টা পর্যন্ত** মুলতবি করা হয়েছে।

দিনের কর্মসূচি শুরু হলে অস্থায়ী অধ্যক্ষ কৃষ্ণপ্রসাদ তেন্নেতি প্রশ্নোত্তর পর্বে প্রশ্ন নেওয়ার চেষ্টা করেন। কিন্তু কংগ্রেস, তৃণমূল কংগ্রেস ও ডিএমকে সহ বিরোধী সদস্যরা ওয়েলে নেমে স্লোগান দিতে শুরু করেন। এই হই হট্টগোলের মধ্যে বিদ্যুৎ প্রতিমন্ত্রী শ্রিপাদ ইয়েসো নাইক বিদ্যুৎ ক্ষেত্রে প্রযুক্তিগত ও বাণিজ্যিক ক্ষতির বিষয়ে প্রশ্নের উত্তর দিতে চেষ্টা করেন। কিন্তু বিরোধীদের হই হট্টগোলে তিনি বক্তব্য শেষ করতে পারেননি। অস্থায়ী অধ্যক্ষ বিক্ষোভকারী সদস্যদের সংসদ চলতে দেওয়ার অনুরোধ জানান। তিনি বলেন, সংসদে প্ল্যাকার্ড আনা নিয়মবিরুদ্ধ। তবে বিরোধীরা তাদের বিক্ষোভ অব্যহত রাখলে অধিবেশন দুপুর ১২টা পর্যন্ত মুলতবি ঘোষণা করা হয়।

********************************************************************

অপ্রত্যাশিত জটিলতা এড়াতে শিল্পক্ষেত্রে সম্পর্ক সংক্রান্ত বিধি ২০২০-র সংশোধনী লোকসভায় গতকাল উত্থাপিত হয়। শূন্যকালে কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী মনসুখ মান্ডবিয়া এই বিল পেশ করেন। এই সংশোধনী ১৯২৬ সালের ট্রেড ইউনিয়ন আইন, ১৯৪৬ সালের শিল্পক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত আইন, ১৯৪৭ সালের শিল্পক্ষেত্রে বিরোধ সংক্রান্ত আইন-কে সংশোধিত করবে।

********************************************************************

কেন্দ্রীয় সরকার ঘোষিত চারটি শ্রম কোড বাতিল, মূল্যবৃদ্ধি ও বেসরকারিকরণ রোধ, কর্ম সংস্থান সহ একাধিক দাবিতে AITUC, INTUC, CITU সহ বিভিন্ন শ্রমিক সংগঠন এবং শিল্প ফেডারেশন আজ দেশব্যাপী সাধারণ ধর্ণঘট ও এরাজ্যে শিল্প ধর্মঘটের ডাক দিয়েছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের কথা মাথায় রেখে পরিবহন ব্যবস্থাকে ধর্মঘটের আওয়াতর বাইরে রাখা হয়েছে। তবে পরিবহন কর্মীরা সন্ধ্যা ছটা থেকে ছটা ১০ মিনিট পর্যন্ত কাজ বন্ধ রেখে প্রতীকী ধর্মঘট পালন করবেন বলে জানানো হয়েছে। ব্যাংক কর্মীদের কয়েকটি সংগঠনও ব্যাংক ধর্মঘটের ডাক দিয়েছে।

********************************************************************

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লাকে অপসারণের দাবিতে কংগ্রেস নেতৃত্বাধীন বিরোধী দলগুলির আনা অনাস্থা প্রস্তাবের নোটিশ বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্বে বিবেচনা করা হবে। বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব ৯ মার্চ থেকে শুরু হয়ে ২রা এপ্রিল পর্যন্ত চলবে।

লোকসভা সচিবালয় অনাস্থা প্রস্তাবের নোটিশে কিছু ত্রুটি চিহ্নিত করেছে। নোটিশে বিরোধী দলগুলি গত বছরের ফেব্রুয়ারিতে ঘটে যাওয়া চারটি ঘটনার উল্লেখ করেছিল এবং তার ভিত্তিতে নিয়ম অনুসারে নোটিশটি প্রত্যাখ্যান করা যেত বলে লোকসভা সচিবালয় সূত্রের খবর। তবে অধ্যক্ষ ওম বিড়লা সচিবালয়কে নোটিশের ত্রুটিগুলি সংশোধন করে নির্দিষ্ট পদ্ধতি অনুযায়ী কাজ করার নির্দেশ দিয়েছেন। তিনি নিয়ম অনুসারে এই বিষয়ে দ্রুত ব্যবস্থা নেওয়ারও নির্দেশ দিয়েছেন।

****************************************************************************

বাজেট বিষয়ে আলোচনার সময় **লোকসভায়** ভিত্তিহীন বক্তব্য রেখে সংসদকে বিভ্রান্ত করার অভিযোগে সরকার, বিরোধী দলনেতা রাহুল গান্ধীর বিরুদ্ধে স্বাধিকার ভঙ্গের প্রস্তাব আনবে।

সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু বলেছেন, রাহুল গান্ধী, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিরুদ্ধে অসত্য অভিযোগ তুলেছেন। তিনি জানান, সংসদের কার্যপ্রণালীতে অভিযোগ প্রমাণের সুস্পষ্ট নিয়ম রয়েছে। শ্রী গান্ধী, কোনোরূপ নোটিশ ছাড়াই গুরুতর অভিযোগ তুলেছেন। একইভাবে, কেন্দ্রীয় মন্ত্রী হরদীপ সিং পুরীর বিরুদ্ধেও, নিয়ম লঙ্ঘন করে যেভাবে অভিযোগ তুলেছেন, তাতে স্বাধিকার ভঙ্গ হয়েছে।

( বাইট- )

কেন্দ্রীয় পুনর্নবীকরণযোগ্য শক্তি ও গণবন্টন দপ্তরের মন্ত্রী প্রহ্লাদ যোশী বলেছেন, বিরোধী দলনেতা লোকসভায় যেভাবে অভিযোগ তুলেছেন, তার কোনো ভিত্তি নেই।

****************************************************************************

ভারতের স্টেট ব্যাঙ্ক বলেছে, মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তির ফলে সেদেশের সঙ্গে বছরে 9 হাজার কোটি ডলার বাণিজ্যিক উদ্বৃত্ত হবে।

সে দেশের সঙ্গে বাণিজ্যিক লেনদেনের উদ্বৃত্তের পরিমাণ কমপক্ষে 4 হাজার 500 কোটি ডলার বৃদ্ধি পাবে বলে ব্যাংকের এক রিপোর্টে জানানো হয়েছে। এই উদ্বৃত্ত দেশের মোট অভ্যন্তরীণ উৎপাদনের 1. 1 শতাংশ হওয়ায় 300 কোটি ডলার বৈদেশিক মুদ্রা সঞ্চয় করা সম্ভব হবে। রিপোর্টে আরও বলা হয়েছে, ভারত মার্কিন বাণিজ্য চুক্তি ছাড়াও ইউরোপীয় ইউনিয়ন ও ব্রিটেনের সঙ্গে বাণিজ্য চুক্তির ফলে রপ্তানি ক্ষেত্রে ভারত কৌশলগত ভাবে সুদৃঢ় অবস্থায় পৌঁছব।

SBI গোষ্ঠির মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা সৌম্য কান্তি ঘোষ বলেছেন, প্রাথমিক হিসেবে, আগামী এক বছরে ভারতের 15 টি প্রধান পণ্যের রপ্তানির পরিমাণ 9 হাজার 700 কোটি ডলারে পৌঁছবে। মার্কিন যুক্তরাষ্ট্রে ভারতীয় পণ্যের মোট রপ্তানির পরিমাণ 10 হাজার কোটি ডলার ছাড়িয়ে যাবে বলে মনে করা হচ্ছে।

*******************************************************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় দামোদর ভ্যালি কর্পোরেশনের “কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা"। ডিভিসির চেয়ারম্যান এস সুরেশ কুমারের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*******************************************************************

কড়া নিরাপত্তায় বাংলাদেশে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং একযোগে গণভোটের জন্য ভোটগ্রহণ চলছে। ২৯৯টি আসনের ৪২ হাজার ৭ শো ৭৯টি কেন্দ্রে বাংলাদেশের সময় অনুযায়ী বিকেল সাড়ে ৪ টে পর্যন্ত ভোটগ্রহণ চলবে। একজন প্রার্থী মারা যাওয়ায় শেরপুর-৩ কেন্দ্রে ভোটগ্রহণ স্থগিত রাখা হয়ছে।

এদিকে, বাংলাদেশ ন্যাশনালিস্ট পার্টি BNP এর চেয়ারম্যান তারেক রহমান বলেছেন তাঁর দলই নির্বাচনে জয়লাভ করবে । জামাত ই ইসলামের প্রধান আমির শফিকুর রহমান বলেছেন, নির্বাচনে কোনরূপ বেনিয়ম বরদাস্ত করা হবেনা ।

সেদেশের স্বরাষ্ট্র দফতরের মুখ্য উপদেষ্টা জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, ভোট গ্রহণ এখন পর্যন্ত শান্তিপূর্ণ ভাবেই চলেছে ।

নির্বাচন কমিশন জানিয়েছে, ১২ কোটি ৭৭ লক্ষ ভোটার, নতুন সরকার নির্বাচনের পাশাপাশি, "জুলাই সনদের" অধীনে প্রস্তাবিত সাংবিধানিক ও প্রাতিষ্ঠানিক সংস্কারের বিষয়ে সিদ্ধান্ত নিচ্ছেন।

সেনাবাহিনীর সহায়তায় প্রায় ৯ লক্ষ ৫৮ হাজার নিরাপত্তাকর্মী দেশজুড়ে মোতায়েন করা হয়েছে, ৯০ শতাংশেরও বেশি ভোটকেন্দ্রে সিসিটিভি লাগানো হয়েছে।

একটি প্রতিবেদন- (নওলসাং পারমার/ ঢাকা)

*******************************************************************

দক্ষিণ থাইল্যান্ডের সংখোলা প্রদেশে একটি সরকারি স্কুলে ১৭ বছর বয়সী এক কিশোর পুলিশের কাছ থেকে বন্দুক ছিনিয়ে নিয়ে গুলি চালানোর ঘটনায় একজন নিহত, আহত আরও ২ জন। খবর পাওয়া মাত্র ওই কিশোরকে গ্রেফতার করে পুলিশ। গতকাল ক্লাস ছুটির পরই এই হামলা চালানো হয়।

ঘটনায় গুরুতর আহত হওয়ার পর ওই স্কুলের ডিরেক্টর আজ একটি হাসপাতালে মারা যান। ওই কিশোরের মাদক সেবন এবং মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সমস্যা রয়েছে বলে স্থানীয় প্রশাসনিক আধিকারিকরা জানিয়েছেন।

*******************************************************************

ইউরোপীয় ইউনিয়নের সদস্য রাষ্ট্রগুলি আজ, বেলজিয়ামে এই গোষ্ঠীর ভবিষ্যত কর্মপন্থা বিষয়ে আলোচলার জন্য বৈঠকে বসেছে। ২৭ সদস্যের ইউরোপীয় গোষ্ঠীর সামনে বর্তমানে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের বাণিজ্যিক লেনদেন বিষয়ে অবস্থান, চীনের অর্থনৈতিক নীতি এবং রাশিয়ার সম্ভাব্য হামলা বিষয়ে চ্যালেঞ্জ উপস্থিত হয়েছে। এই সব চ্যালেঞ্জের মোকাবিলা করে গোষ্ঠীর কৌশলগত অবস্থান স্থির করতে নেতৃবৃন্দ

আলোচনা করছে। বৈঠকে ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরশুলা ফন ডার লিয়েন, ফরাসী রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রো সহ রাষ্ট্রপ্রধানরা উপস্থিত রয়েছেন।

*********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল জাতীয় রাজধানীতে সেবাতীর্থ ভবনের দ্বারোদ্ঘটন করবেন। এছাড়াও তিনি কর্তব্যভবন এক ও দুইয়েরও উদ্বোধন করবেন।

উল্লেখ্য, সেবাতীর্থ ভবনে প্রধান মন্ত্রীর অফিস, জাতীয় নিরাপত্তা পরিষদ সচিবালয় এবং ক্যাবিনেট সচিবালয়ের অফিস থাকবে। দুটি কর্তব্য ভবনে কেন্দ্রীয় অর্থ মন্ত্রক, প্রতিরক্ষা মন্ত্রক সহ গুরুত্বপূর্ণ কয়েকটি মন্ত্রকের অফিস থাকবে।

*********************************************************************

নকশাল বিরোধী অভিযানের সময় আজ ঝাড়খণ্ডের লাতেহার জেলায়, পুলিশ পাকড়ুয়া বনাঞ্চল থেকে TSPC-র সঙ্গে যুক্ত তিন জন মাওবাদীকে গ্রেফতার করেছে। অভিযুক্তদের কাছ থেকে দুটি পিস্তল, ৩৫ রাউন্ড গুলি এবং লিফলেট উদ্ধার করা হয়েছে। অভিযুক্তদের মধ্যে একজনের নামে ৫০ হাজার টাকার পুরস্কারমূল্য ঘোষণা করা হয়েছিল। তাঁর নামে বেআইনি পদ্ধতিতে বিভিন্ন জেলায় অর্থ সংগ্রহ এবং গুলি চালানোর অভিযোগ রয়েছে। জেলা পুলিশ সুপার কুমার গৌরবের নির্দেশে নির্দিষ্ট তথ্যের ভিত্তিতে এই অভিযান চলে।

*********************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণণ, স্বামী দয়ানন্দ সরস্বতীর জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেছেন। সমাজ মাধ্যমের এক পোস্টে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেন, স্বামী দয়ানন্দ সরস্বতী সমগ্র সমাজ এবং দেশের শিক্ষা ব্যবস্থায় অমূল্য অবদান রেখেছেন। স্বামী দয়ানন্দ সরস্বতীর প্রতিষ্ঠা করা আধ্যাত্মিক এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলি থেকে দেশ অতিতে উপকৃত হয়েছে, ভবিষ্যতেও উপকৃত হবে বলে জানিয়েছেন রাষ্ট্রপতি।

উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণণ বলেছেন, মহর্ষি দয়ানন্দ সরস্বতী তাঁর সমগ্র জীবন কুসংস্কার, এবং সামাজিক অশুভ শক্তির বিরুদ্ধে সংগ্রামে উৎসর্গ করেছিলেন। তিনি আরো বলেন, শিক্ষার প্রসার, নারীর ক্ষমতায়ন এবং ভারতীয় সংস্কৃতি সংরক্ষণে তাঁর প্রয়াস, আদর্শগত ভাবে দেশকে নতুন দিকনির্দেশনা এবং আত্মসম্মানের অনুভূতি দিয়েছে। শ্রেণীহীন, বর্ণপ্রথা মুক্ত এবং সাম্যবাদী সমাজ প্রতিষ্ঠায় তাঁর অবদান আজও সকলের জন্য অনুপ্রেরণা হিসেবে কাজ করে বলে উল্লেখ করেছেন উপরাষ্ট্রপতি।

*********************************************************************

আইসিসি পুরুষদের টি-টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপে, ভারত আজ গ্রুপ পর্বের দ্বিতীয় ম্যাচে নামিবিয়ার বিরুদ্ধে খেলবে। দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। শ্রীলঙ্কার পাল্লেকেলে স্টেডিয়ামে আজ শ্রীলঙ্কা, ওমানের মুখোমুখি হবে। খেলা শুরু হবে ভারতীয় সময় সকাল ১১ টায়।

মুম্বাইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে অন্য একটি ম্যাচে, বিকেল তিনটেয় নেপাল, ইতালির মোকাবিলা করবে।

***********************************************************************